

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৪

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (کتاب العلم)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْلاَّوَّلُ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ نَفَّسَ عَنْ مُوْمِنٍ كُرْبَةً مِنْ كُرُبِ يَوْمِ الْقِيَامَةِ وَمِنْ يَسَّرَ عَلَى مُعْسِرٍ يَسَّرَ اللّهُ عَلَيْهِ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ. وَمَنْ سَتَرَ مُسْلِمًا سَتَرَهُ اللّهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَاللّهُ فِي عَوْنِ الْعَبْدِ مَا لَدُّنْيَا وَالْآخِرَةِ وَاللّهُ فِي عَوْنِ الْعَبْدِ مَا كَانَ الْعَبْدُ فِي عَوْنِ أَخِيهِ وَمَنْ سَلَكَ طَرِيقًا يَلْتَمِسُ فِيهِ عِلْمًا سَهَّلَ اللّهُ لَهُ بِهِ طَرِيقًا إِلَى كَانَ الْعَبْدُ فِي عَوْنِ أَخِيهِ وَمَنْ سَلَكَ طَرِيقًا يَلْتَمِسُ فِيهِ عِلْمًا سَهَّلَ اللّهُ لَهُ بِهِ طَرِيقًا إِلَى الْجَنّةِ وَمَا اجْتَمَعَ قَوْمٌ فِي بَيْتِ مِنْ بُيُوتِ اللّهِ يَتْلُونَ كِتَابَ اللّهِ وَيَتَدَارَسُونَهُ بَيْنَهُمْ إِلّا لَجْنَة وَمَا اجْتَمَعَ قَوْمٌ فِي بَيْتٍ مِنْ بُيُوتِ اللّهِ يَتْلُونَ كِتَابَ اللّهِ وَيَتَدَارَسُونَهُ بَيْنَهُمْ إِلّا نَزَلَتْ عَلَيْهِمُ السَّكِينَةُ وَغَشِيَتْهُمُ الرَّحْمَةُ وَحَقَتْهُمُ الْمَلَائِكَةُ وَذَكَرَهُمُ اللّهُ فِيمَنْ عِنْدَهُ وَمَنْ بَيْدَا لَى اللّهُ عَمَلُهُ لَمْ يُسْرِعْ بِهِ نسبه» . رَوَاهُ مُسلم

বাংলা

২০৪-[৭] উক্ত রাবী [আবৃ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোন মু'মিনের দুনিয়ার বিপদসমূহের কোন একটি বিপদ দূর করে দিবে, আল্লাহ তা'আলা তার আখিরাতের বিপদসমূহের মধ্য হতে একটি (কঠিন) বিপদ দূর করে দিবেন। যে ব্যক্তি অভাবগ্রস্ত লোকের অভাব (সাহায্যের মাধ্যমে) সহজ করে দিবে, আল্লাহ তা'আলা কিয়ামতের (কিয়ামতের) দিনে তাকে সুখ-স্বাচ্ছন্দ্য প্রদান করবেন। যে ব্যক্তি কোন মু'মিনের দোষ-ক্রটি গোপন করবে (প্রকাশ করবে না), আল্লাহ তা'আলা দুনিয়া ও আখিরাতে তার দোষ-ক্রটি গোপন রাখবেন। আল্লাহ তা'আলা তার বান্দাদেরকে ততক্ষণ পর্যন্ত সাহায্য করতে থাকেন যতক্ষণ সে তার ভাইয়ের সাহায্য করতে থাকে। যে ব্যক্তি জ্ঞান অম্বেষণের জন্য কোন পথ বা পন্থায় অনুপ্রবেশ করার সন্ধান করে, আল্লাহ তা'আলা এর বিনিময়ে তার জান্নাতে প্রবেশ করার পথ সহজ করে দেন। যখন কোন দল আল্লাহর কোন ঘরে সমবেত হয়ে আল্লাহর কিতাব তিলাওয়াত করে এবং জ্ঞানচর্চা করে, তাদের ওপর আল্লাহর তরফ থেকে স্বস্তি ও প্রশান্তি নাযিল হতে থাকে, আল্লাহর রহমত তাদেরকে ঢেকে নেয় এবং মালায়িকাহ্ (ফেরেশতাগণ) তাদেরকে ঘিরে রাখে এবং আল্লাহ তা'আলা মালায়িকাহ্'র নিকট তাদের উল্লেখ করেন। আর যার 'আমল তাকে পিছিয়ে দেয় তার বংশ তাকে এগিয়ে দিতে পারে না। (মুসলিম)[1]



ফুটনোট

[1] সহীহ: মুসলিম ২৬৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কোন ব্যক্তি যদি দরিদ্র ব্যক্তির কাছ থেকে পাওনা আদায়ে অবকাশ দেয় অথবা পাওনার কিছু অংশ ছেড়ে দেয় অথবা পাওনার সম্পূর্ণ অংশই ছেড়ে দেয় তাহলে আল্লাহ এ ধরনের পাওনাদার ব্যক্তিকে ইহকাল ও পরকাল উভয় জগতে সহজতা দান করবেন। আর যে ব্যক্তি তার কোন মুসলিম ভাইকে কাপড় দ্বারা আবৃত করবে বা তার দোষ-ক্রটি মানুষের সামনে প্রকাশ না করে গোপন করে রাখবে আল্লাহ ক্রিয়ামাতের (কিয়ামতের) দিন এ ব্যক্তির নশ্ন দেহকে কাপড় দ্বারা আবৃত করবেন বা তার দোষ-ক্রটিসমূহ গোপন করে রাখবেন। যে ব্যক্তি তার মুসলিম ভাই থেকে ক্ষতিকর বিষয় প্রতিহত করা ও উপকার করার মাধ্যমে তার ভাইয়ের সহযোগিতায় থাকবে আল্লাহও তার সহযোগিতায় থাকবেন। আর যে কোন সম্প্রদায় আল্লাহর সন্তুষ্টির উদ্দেশে নির্মিত মাসজিদ, মাদ্রাসা, মাহফিলে বসে পরস্পরের মধ্যে দীনী বিদ্যা চর্চা করবে, আল্লাহর কিতাব তিলাওয়াত করবে তাহলে রহমাত তাদেরকে ঢেকে নিবে, তাদের ওপর প্রশান্তি অবতীর্ণ হবে। তাদের উত্তম কাজের জন্য তাদের ওপর রহমাত ও বারাকাতের মালায়িকাহ্ (ফেরেশতারা) অবতীর্ণ হবেন। যে ব্যক্তিকে তার মন্দ 'আমল পরকালের সৌভাগ্যমণ্ডিত স্থানে পৌঁছাতে ব্যর্থ হবে অথবা সৎ 'আমলে যার অগ্রগামিতা তাকে পিছিয়ে রাখবে তার প্রভাব-প্রতিপত্তি, অর্থ, দৈহিক বিশাল আকারের গঠন উচ্চ বংশ মর্যাদা আল্লাহর কাছে কোন কাজে আসবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন